

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
২৩-২৪ কাওরান বাজার, ঢাকা-১২১৫
(সাধারণ শাখা)
www.dife.gov.bd

নং ৪০.০১.০০০০.১০২.৩৩.০০১.১৬ - ১২১৫

তারিখ: ০৪ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ
২৬ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ৩ (ক) ধারা মোতাবেক যে কোন প্রতিষ্ঠানে জনবল/কর্মি সরবরাহের ক্ষেত্রে আউটসোর্সিং সেবাদানকারী ঠিকাদার সংস্থার লাইসেন্স গ্রহণ বাধ্যতামূলক করা হয়েছে। বাংলাদেশ শ্রম বিধিমালা ২০১৫ এর ৩৫৪ (ক) ধারায় বলা হয়েছে যে, উক্ত বিধিমালা প্রণীত হওয়ার ৬ (ছয়) মাসের মধ্যে দেশে বিদ্যমান সকল ঠিকাদার সংস্থা/বাণিজ্যিক ব্যাংক/বীমা প্রতিষ্ঠানকে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর থেকে রেজিস্ট্রেশন গ্রহণ করতে হবে। এমতাবস্থায় ঠিকাদার সংস্থা/বাণিজ্যিক ব্যাংক/বীমা প্রতিষ্ঠানটির অত্র অধিদপ্তরের লাইসেন্স না থাকলে অনতিবিলম্বে লাইসেন্স গ্রহণ করার আহ্বান জানানো হলো। আইনের প্রতি শ্রদ্ধাশীল হওয়ার জন্য এবং সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

মোঃ সামছুজ্জামান ভূইয়া
মহাপরিদর্শক
(অতিরিক্ত সচিব)
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

বিতরণঃ জ্ঞাতার্থে/কার্যার্থে

- ১) সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) উপ সচিব (প্রশাসন), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়ের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
- ৩) মিজানুর রহমান জনি, সহকারী মহা পরিদর্শক (সেফটি), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
(বিজ্ঞপ্তিটি এ অধিদপ্তরের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
- ৪) বিজ্ঞাপন ব্যবস্থাপক, দৈনিক সমকাল, ১৩৬, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
(বিজ্ঞপ্তিটি আগামী ২৫-০৭-২০১৭ তারিখে শেষের পাতায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
- ৫) বিজ্ঞাপন ব্যবস্থাপক, “দি ডেইলি স্টার, ৬৪-৬৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১২১৫।
(বিজ্ঞপ্তিটি আগামী ২৫-০৭-২০১৭ তারিখে শেষের পাতায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
- ৬) বিজ্ঞাপন ব্যবস্থাপক, বাংলাদেশ প্রতিদিন, প্লট নন-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা আবাসিক এলাকা, বারিধারা, ঢাকা।
(বিজ্ঞপ্তিটি আগামী ২৫-০৭-২০১৭ তারিখে শেষের পাতায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)